কেস স্টাডি
নিচের অনুচ্ছেদটি পড়ে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ:-
অর্ণব চতুর্থ শ্রেণির একজন ছাত্র। সে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন সৃজনশীল কাজে অংশ নিতে ভালোবাসে। তাদের স্কুলে প্রতি বছর একটি "পরিবেশ সচেতনতা সপ্তাহ" পালন করা হয়। এই সপ্তাহে শিক্ষকরা ছাত্রছাত্রীদের পরিবেশ রক্ষা সম্পর্কে বিভিন্ন বিষয় শেখান।
একদিন শিক্ষক বললেন, "আমাদের চারপাশ পরিষ্কার রাখা এবং প্রকৃতির যত্ন নেওয়া প্রত্যেকের দায়িত্ব।" অর্ণব ও তার বন্ধুরা মিলে স্কুলের চারপাশ পরিষ্কার করার উদ্যোগ নিল। তারা প্লাস্টিকের আবর্জনা আলাদা করে সংগ্রহ করল এবং নির্দিষ্ট জায়গায় ফেলল। এরপর তারা স্কুলের মাঠে কয়েকটি গাছের চারা লাগাল।
অর্ণব প্রতিদিন গাছগুলির যত্ন নিত, জল দিত এবং বন্ধুদেরও গাছ রক্ষা করার কথা বলত। কয়েক মাস পরে গাছগুলি বড় হয়ে উঠল এবং স্কুলের পরিবেশ আরও সুন্দর হয়ে গেল। প্রধান শিক্ষক অর্ণব ও তার বন্ধুদের প্রশংসা করে বললেন, "সবার ছোট ছোট প্রচেষ্টায় একটি সুন্দর ও পরিচ্ছন্ন পরিবেশ তৈরি করা সম্ভব।"
অর্ণব বুঝতে পারল, শুধু নিজের জন্য নয়, সকলের ভালো থাকার জন্যও আমাদের দায়িত্ব পালন করা উচিত।

১. অর্ণব কোন শ্রেণির ছাত্র ছিল?
দ্বিতীয় শ্রেণি / তৃতীয় শ্রেণি / চতুর্থ শ্রেণি / পঞ্চম শ্রেণি।
২. স্কুলে কোন অনুষ্ঠান পালন করা হয়েছিল?
বিজ্ঞান মেলা / পরিবেশ সচেতনতা সপ্তাহ / ক্রীড়া প্রতিযোগিতা / সাংস্কৃতিক অনুষ্ঠান।
৩. শিক্ষক ছাত্রছাত্রীদের কী শেখালেন?
শুধু খেলাধুলা করতে / পরিবেশ রক্ষা করতে / বেশি কথা বলতে / বই নষ্ট করতে।
৪. অর্ণব ও তার বন্ধুরা কী উদ্যোগ নিয়েছিল?
স্কুল বন্ধ করার / স্কুল পরিষ্কার করার / মাঠে খেলা করার / নতুন ঘর বানানোর।
৫. মন্তব্য: অর্ণব একজন দায়িত্বশীল ছাত্র।
কারণ:সে পরিবেশ পরিষ্কার রাখতে ও গাছের যত্ন নিতে সাহায্য করেছিল
মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল / মন্তব্য ঠিক, কারণ ভুল / মন্তব্য ভুল,কারণ ঠিক।

৬. মন্তব্য: গাছ আমাদের পরিবেশ সুন্দর রাখতে সাহায্য করে।
কারণ: গাছ পরিবেশের উপকার করে
মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল / মন্তব্য ঠিক, কারণ ভুল / মন্তব্য ভুল,কারণ ঠিক।

৭. অর্ণব প্রতিদিন কী করত?
গাছের যত্ন নিত / গাছ কেটে ফেলত / আবর্জনা ছড়াত / স্কুলে যেত না।
৮. প্লাস্টিকের আবর্জনা কীভাবে রাখা হয়েছিল? যেখানে সেখানে ফেলা হয়েছিল / আলাদা করে সংগ্রহ করা হয়েছিল / পুড়িয়ে দেওয়া হয়েছিল / লুকিয়ে রাখা হয়েছিল।
৯. প্রধান শিক্ষক অর্ণবদের কেন প্রশংসা করেছিলেন?
তারা একটি ভালো কাজের উদাহরণ তৈরি করেছিল / তারা বেশি ছুটি নিয়েছিল/ তারা খেলায় জিতেছিল /তারা নতুন পোশাক পরেছিল।
১০. গল্পের মূল শিক্ষা কী?
ক) সবাই মিলে ভালো কাজ করলে বড় পরিবর্তন আনা যায়
পরিবেশের যত্ন নেওয়া দরকার নেই / শুধু নিজের কথা ভাবা উচিত /পরিষ্কার-পরিচ্ছন্নতা গুরুত্বপূর্ণ নয়।